

27/7/2008

বুগাত্তর

সংখ্যা: ১১১  
কাল: ১

## শিক্ষা নীতিতে কিছু মৌলিক পরিবর্তন আনার আহ্বান

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

শিক্ষা নীতি বিষয়ক এক পর্যালোচনা সভায় দেশের শিক্ষাবিদগণ 'জাতীয় শিক্ষানীতি ২০০০'কে মুক্তিযুদ্ধের চেতনামুগ্ধিক, অসাম্প্রদায়িক, গণতান্ত্রিক, বিজ্ঞানভিত্তিক ও যুগোপযোগী করে তুলতে কিছু মৌলিক পরিবর্তনের প্রয়োজনীয়তার কথা উল্লেখ করে বলেছেন, মুক্তবাজার অর্থনীতির নামে সমাজে বৈষম্য জিইয়ে রাখার মতো এ শিক্ষানীতিতে শিক্ষা ক্ষেত্রের বিরাজিত বৈষম্য দূরীকরণের কোন উদ্যোগ নেই।

'জাতীয় শিক্ষানীতি ২০০০' শীর্ষক এ পর্যালোচনা সভা গতকাল সেনাকল্যাণ ভবন মিলনায়তনে অনুষ্ঠিত হয়। বাংলাদেশ শিক্ষক সমিতি ও কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির যৌথ আয়োজনে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি ছিলেন জাতীয় অধ্যাপক কবীর চৌধুরী।

মিসেস হেনা দাসের সভাপতিত্বে অনুষ্ঠিত পর্যালোচনা সভায় অধ্যাপক কবীর চৌধুরী, অধ্যাপক ম আব্দুলক্বাদির এবং অধ্যাপক মমতাজউদ্দিন পাটোয়ারী 'জাতীয় শিক্ষানীতি ২০০০'-এর ওপর পৃথক ৪টি প্রবন্ধ উপস্থাপন করেন।